



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/8/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সাম্প্রতিক মাসগুলিতে নিউ ইয়র্কবাসীদের কাছে 70 মিলিয়নের বেশি ওভার-দ্য-কাউন্টার কোভিড-19 পরীক্ষা ব্যবস্থা বিতরণের ঘোষণা করলেন

2021 সালের ডিসেম্বর থেকে 71,331,202 পরীক্ষা ব্যবস্থা প্রদান করা হয়েছে, স্টেট দ্বারা 100 মিলিয়নের বেশি পরীক্ষা ব্যবস্থা সংগৃহীত হয়েছে

স্টেট সেন্ট্রাল নিউ ইয়র্ক অঞ্চলে আরো পরীক্ষা ব্যবস্থা এবং মাস্ক প্রদান করছে
সেখানকার গড়ের বেশি আক্রান্তের হার মোকাবেলা করার জন্য

গভর্নর হোকল কোভিডের বিরুদ্ধে সুরক্ষিত থাকতে নিউ ইয়র্কবাসীকে স্টেটের 14টি
বিনামূল্যে টিকাদান সাইটে যাওয়ার তাগিদ দিচ্ছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মহামারীর পুরো সময়ে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে প্রশাসনের চলমান প্রচেষ্টার অংশ হিসেবে এখন পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট দ্বারা 70 মিলিয়নের বেশি ওভার-দ্য-কাউন্টার কোভিড-19 পরীক্ষা ব্যবস্থা বিতরণ করা হয়েছে। পুরো স্টেটের স্কুল এবং নার্সিং হোমগুলিতে নিয়মিত বাড়িতে দ্রুত পরীক্ষা ব্যবস্থা প্রদান করা হচ্ছে, এবং সম্প্রতি স্টেট বিনামূল্যে জনসাধারণকে বিতরণের জন্য নির্বাচিত কর্মকর্তাদের কাছে 2.8 মিলিয়নের বেশি পরীক্ষা ব্যবস্থা প্রদান করেছে। চূড়ান্ত সতর্কতা অবলম্বন করার জন্য, স্টেট সেন্ট্রাল নিউ ইয়র্কের কাউন্টিগুলিতে বেশ কয়েক হাজার বাড়তি পরীক্ষা কিট প্রদান করেছে এবং একইসাথে 59,000 উচ্চমানের ফেসমাস্ক সরাসরি প্রদান করেছে।

"যেমন আমরা পুরো মহামারী জুড়ে দেখেছি, পরীক্ষার কিট কোভিড-19 সংক্রমণ রোধের লড়াইয়ে এবং অন্যদের এর সংস্পর্শে আসা ঠেকাতে একটি অতি গুরুত্বপূর্ণ হাতিয়ার," **গভর্নর হোকল বলেন।** "আমি আজকে এটি ঘোষণা করতে পেরে গর্বিত যে আমরা সকল নিউ ইয়র্কবাসীর কাছে 70 মিলিয়নের বেশি ওভার-দ্য-কাউন্টার কোভিড-19 পরীক্ষা ব্যবস্থা বিতরণ করেছি, এবং আমি আমাদের নিবেদিতপ্রাণ স্টেট কর্মী যারা দিনরাত আমাদের সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখতে এই ভাইরাসের বিরুদ্ধে লড়াই করছে তাদের ধন্যবাদ জানাতে চাই। আমরা বাড়িতে করার পরীক্ষা ব্যবস্থা বিতরণ করতে এবং আমাদের স্টকপাইল গঠন করতে আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখবো যাতে করে আমরা ভবিষ্যতের জন্য আমাদের প্রস্তুতি মজবুত করতে পারি এবং নিরাপদে এই মহামারী কাটিয়ে উঠতে পারি।"

যদিও বাড়িতে করার পরীক্ষা ব্যবস্থা আক্রান্ত সনাক্তকরণ এবং কোভিডের বিস্তার রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে, গভর্নর হোকল এবং কমিশনার ব্যাসেট এবং ব্রে নিউ ইয়র্কবাসীকে টিকা গ্রহণ এবং বুস্টার গ্রহণের তাগিদ দিচ্ছেন যা হলো কোভিড-19 এর থেকে সুরক্ষা পাওয়ার সেরা পদ্ধতি। [স্টেটের বিনামূল্যে টিকাদান সাইটগুলি](#) খোলা আছে এবং 50 ও তার বেশি বয়সের নিউ ইয়র্কবাসীদের সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের (Centers for Disease Control and Prevention, CDC) সাম্প্রতিক সম্প্রসারিত নির্দেশনা অনুযায়ী দ্বিতীয় একটি বুস্টার গ্রহণে উৎসাহিত করা যাচ্ছে।

স্বাস্থ্য বিভাগের (Department of Health) কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন, "বাড়িতে করার কোভিড-19 পরীক্ষা ব্যবস্থা এখন ব্যাপকভাবে উপলভ্য এবং এটি আমার কোভিড-19 দশা সম্পর্কে বাস্তব সময়ে তথ্য প্রদান করে, বিশেষকরে যেহেতু আমরা সংক্রমণে বৃদ্ধি দেখতে পারছি। যাদের পরীক্ষায় পজিটিভ ফল আসবে তাদের সকলের থেকে বিচ্ছিন্ন থাকা উচিত এবং যাদের লক্ষণ রয়েছে তাদের যত দ্রুত সম্ভব চিকিৎসার জন্য মেডিকেল পরামর্শ নেওয়া উচিত। আমরা আমাদের সকল প্রতিরোধের হাতিয়ার সহজলভ্য করে রাখছি। টিকা ও বুস্টারের পাশাপাশি, আমরা নিউ ইয়র্কবাসীদের হাতে মিলিয়ন মিলিয়ন পরীক্ষা কিট পৌঁছে দিয়েছি।"

হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশনের (Division of Homeland Security and Emergency Services) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "কোভিড-19 থেকে আপনার ও আপনার প্রিয়জনের সুরক্ষার সেরা উপায় এখনো পরীক্ষা করা এবং টিকা গ্রহণ করা। আগামী মাসগুলির জন্য আমাদের সতর্ক থাকা এবং সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখতে সাহায্য করার জন্য নিউ ইয়র্কবাসীদের হাতে বাড়িতে করার পরীক্ষা ব্যবস্থা পৌঁছিয়ে দিতে থাকা অত্যন্ত জরুরি। আমরা স্থানীয় সরকারগুলিকে সহায়তা করা অব্যাহত রাখবো এবং এই গুরুত্বপূর্ণ অংশীদারিত্বগুলি আমাদেরকে একত্রে মহামারী কাটিয়ে উঠতে সাহায্য করবে।"

ডিসেম্বরের শেষের দিক থেকে এখন পর্যন্ত পুরো নিউ ইয়র্কের স্কুল, নার্সিং হোম এবং বয়স্কদের যত্নের ফ্যাসিলিটি, স্থানীয় সরকার এবং বিশেষ কিছু অলাভজনক প্রতিষ্ঠানকে এবং আরো সম্প্রতি নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA) এবং বিভিন্ন ফুড ব্যাংককে 71,331,202টি পরীক্ষা ব্যবস্থা বিতরণ করা হয়েছে যাতে আরো ব্যাপকভাবে বিতরণ করা যায়। গভর্নর হোকল এর পূর্বে ঘোষণা করেছিলেন যে এখন পর্যন্ত 100 মিলিয়ন বাড়িতে করার পরীক্ষা ব্যবস্থা সংগ্রহ করা হয়েছে, এবং তার মধ্যে 20 মিলিয়ন পরীক্ষা ব্যবস্থা এই বসন্তজুড়ে বিতরণ করা হবে যাতে নিশ্চিত করা যায় যে নিউ ইয়র্কের সম্প্রদায়গুলি নতুন আক্রান্ত সনাক্ত করতে এবং কোভিড-19 বিস্তার সীমাবদ্ধ করতে প্রস্তুত আছে।

2021 সালের শেষের দিকের ওমিক্রন কেস বেড়ে ওঠার আগে, গভর্নর হোকল এবং তার দল ওমিক্রন বৃদ্ধির বিরুদ্ধে লড়াই করার জন্য ওভার-দ্য-কাউন্টার পরীক্ষার কিট পাওয়ার প্রয়োজন, সাধারণ জনগণকে নিয়মিত বিতরণ করা, সম্পূর্ণ রাজ্য জুড়ে স্কুল এবং প্রাপ্তবয়স্কদের পরিচর্যা ফ্যাসিলিটিগুলিকে অগ্রাধিকার প্রদানের প্রয়োজন সনাক্ত করেন।

সংগৃহীত 100 মিলিয়ন পরীক্ষা ব্যবস্থার মধ্যে প্রায় 23 মিলিয়ন পরীক্ষা ব্যবস্থা বছরের শেষের দিকের সম্ভাব্য কোনও সংক্রমণ বৃদ্ধির জন্য সংরক্ষণ করা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)